ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# নিউজ সারাদিন




বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

Digital Media Act No. : DM /34/2021 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০৯১ ● কলকাতা ● ২১ চৈত্র, ১৪৩১ ● শুক্রবার ● ০৪ এপ্রিল ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## অযোগ্য' প্রার্থীদের চাকরি গেলেও, টাকা দিতে হবে না! সুপ্রিম কোর্টের রায় পড়ে দাবি মমতার



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

বৃহস্পতিবার স্কুল সার্ভিস কমিশন -র ২০১৬ সালের গোটা নিয়োগ প্যানেলই বাতিল হয়েছে। কলকাতা হাইকোর্টের রায়ই বহাল রেখেছে সুপ্রিম কোর্ট । শীর্ষ আদালত এহেন নির্দেশের পর রাজ্যের অবস্থান কী, কীই বা পদক্ষেপ নেবে প্রশাসন, সে ব্যাপারে সকলেরই নজর ছিল। টেইনটেড (কালিমালিপ্ত)

এরপর ৩ পৃষ্ঠায়


# কাদের বেতন ফেরত দিতে হবে, কারা অংশ নেবেন 'ফ্রেশ সিলেকশনে', জেনে নিন সুপ্রিম রায়



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

সুপ্রিম কোর্টের ঐতিহাসিক রায়ে বাতিল ২৫ হাজার ৭৫২ জন শিক্ষক-অশিক্ষক কর্মীর চাকরি। একে তো এক কলমের আঁচড়ে চাকরি চলে গিয়েছে। তার উপর আবার বেতন ফেরতেরও নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট। কিন্তু কাদের ফেরাতে হবে বেতন, কারা ছাড় পাচ্ছেন - তা নিয়ে তৈরি হয়েছে সংশয়।গত ১০ ফেব্রুয়ারি ছিল শেষ শুনানি। তখন সিবিআই জানিয়েছে, তারা চাইছে, কলকাতা হাই কোর্টের ২৬ হাজার চাকরি বাতিলের রায় বহাল থাকুক। স্কুল সার্ভিস কমিশন জানিয়েছে, র‍্যাংক জাম্প বা প্যানেল বহির্ভূত নিয়োগের তথ্য থাকলেও ওএমআর শিট

এরপর ৩ পাতায়






# ভুয়ো ফোন কল এবং এসএমএস প্রতারণা




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

সাইবার অপরাধ সংক্রান্ত বিষয়গুলি দেখাশোনার জন্য স্বরাষ্ট্র মন্ত্রক সাইবার ক্রাইম কো-অর্ডিনেশন সেন্টার (১৪সি) গঠন করেছে। যে কোনও ধরনের সাইবার অপরাধের অভিযোগ জানাতে ন্যাশনাল সাইবার ক্রাইম রিপোর্টিং পোর্টাল – এনসিআরপি (https://cybercrime.gov.in) চালু করা হয়েছে। এ পর্যন্ত এনসিআরপি-তে ১৯.১৮ লক্ষ অভিযোগ নথিভুক্ত হয়েছে এবং ২২,৮১১.৯৫ কোটি টাকার প্রতারণা হয়েছে। টেলিকম দপ্তর বিদেশ থেকে আসা অচেনা নম্বর ব্লক করার পরামর্শ দিয়েছে।

সেইসঙ্গে, টেলিকম দপ্তর সাইবার-সংক্রান্ত প্রতারণা সম্পর্কে সাধারণ মানুষকে সচেতন করার লক্ষ্যে বিভিন্ন ধরনের কর্মসূচি নিয়েছে। পাশাপাশি, সঞ্চারসাথী অ্যাপ/পোর্টাল ব্যবহার করার জন্য জনসাধারণকে উৎসাহিত করছে। সামাজিক মাধ্যমে প্রচার, প্রেস বিজ্ঞপ্তি, এসএমএস সহ বিভিন্নভাবে সাধারণ মানুষকে সচেতন করা হচ্ছে।

সাইবার-সংক্রান্ত অপরাধ এবং আর্থিক প্রতারণার মোকাবিলায় টেলিকম দপ্তর ডিজিটাল ইন্টেলিজেন্স প্ল্যাটফর্ম (ডিআইপি) তৈরি করেছে। সুরক্ষার সঙ্গে যুক্ত কেন্দ্রীয় সংস্থাসমূহ, ৩৫টি রাজ্য পুলিশ, ইন্ডিয়ান সাইবার ক্রাইম কো-অর্ডিনেশন সেন্টার (১৪সি) প্রভৃতি সহ প্রায় ৫৬০টি সংস্থা ডিআইপি'র সঙ্গে যুক্ত। এই ব্যবস্থা চালু করা হয়েছে ১৭.১০.২০২৪ তারিখ থেকে। চালু হওয়ার ২৪ ঘন্টার মধ্যেই এই ব্যবস্থার মাধ্যমে ১.৩৫ কোটি ভুয়ো ফোন কল ব্লক করা হয়েছে। ০৩.০৩.২০২৫ পর্যন্ত মাত্র ৪ লক্ষ এ ধরনের ভুয়ো ফোন কল ব্লক করা হয়েছে। অর্থাৎ, ভুয়ো ফোন কলের সংখ্যা ৯৭ শতাংশ কমেছে।

লোকসভায় আজ এক প্রশ্নের লিখিত জবাবে এই তথ্য দিয়েছেন যোগাযোগ ও গ্রামোন্নয়ন প্রতিমন্ত্রী ডঃ পেম্মাসানি চন্দ্রশেখর।

# বিশ্বের বৃহত্তম শস্য ভান্ডার প্রকল্প

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

কেন্দ্রীয়ভাবে খাদ্যের শস্য ভান্ডার গড়ে তুলতে পাইলট প্রকল্প হিসেবে সমবায় ক্ষেত্রে বিশ্বের বৃহত্তম শস্য ভান্ডার গড়ে তোলার প্রকল্পে অনুমোদন দিয়েছে কেন্দ্রীয় সরকার। এই প্রকল্পে দেশ জুড়ে প্রাইমারি এগ্রিকালচারাল ক্রেডিট সোসাইটির মাধ্যমে ১১টি গুদাম তৈরি করা হয়েছে, যেগুলির মোট ধারণক্ষমতা ৯ হাজার ৭৫০ মেট্রিক টন।

১৫.০২.২০২৩ তারিখে কেন্দ্রীয় সরকার এই প্রকল্পটি অনুমোদন করে। ইতিমধ্যে এর সুফল তৃণমূল স্তরে পৌঁছে গিয়েছে। এই প্রকল্পে ৫ বছরের মধ্যে দেশে সমস্ত পঞ্চায়েত/গ্রাম স্তরে ২ লক্ষ নতুন বহুমুখী প্রাইমারি এগ্রিকালচারাল ক্রেডিট সোসাইটি, ডেয়ারি, মৎস্য সমবায় সমিতি গড়ে তোলার পরিকল্পনা রয়েছে।

জাতীয় সমবায় পরিসংখ্যান অনুযায়ী, ২৭.০১.২০২৫ পর্যন্ত দেশে মোট ৩ হাজার ৬৬৭টি নতুন প্রাইমারি এগ্রিকালচারাল ক্রেডিট সোসাইটি নথিভুক্ত হয়েছে। এর মধ্যে পশ্চিমবঙ্গে এর সংখ্যা হ'ল – ১৩।

রাজ্যসভায় আজ এক প্রশ্নের লিখিত উত্তরে একথা জানিয়েছেন কেন্দ্রীয় সমবায় মন্ত্রী শ্রী অমিত শাহ।

# আগামী ৩০ এপ্রিল থেকে স্কুলে গ্রীষ্মের ছুটি, ঘোষণা মুখ্যমন্ত্রীর

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

এপ্রিলের শুরুতেই হাঁকিয়ে ব্যাটিং গ্রীষ্মের। যত দিন যাচ্ছে, ততই বাড়ছে তাপমাত্রা। তীব্র গরমের দাবদাহ থেকে পড়ুয়াদের মুক্তি দিতে আগামী ৩০ এপ্রিল থেকে গ্রীষ্মের ছুটি ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বৃহস্পতিবার নবান্নে সাংবাদিকদের মুখোমুখি হয়ে একথা জানান তিনি।উল্লেখ্য, কলকাতার সর্বোচ্চ তাপমাত্রা নেমেছে স্বাভাবিকের সামান্য নিচে। সর্বনিম্ন তাপমাত্রাও স্বাভাবিকের চেয়ে নিচে নেমেছে। বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ ক্রমশ বাড়ছে। ফলে গরমের সঙ্গে আর্দ্রতাজনিত অস্বস্তিও বাড়ছে। আগামী সপ্তাহে হাওয়া বদলের সম্ভাবনা। রবিবার থেকে আংশিক



মেঘলা আকাশ। বুধবার বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টির সম্ভাবনা তৈরি হচ্ছে বলে অনুমান আবহাওয়াবিদদের। হাওয়া অফিস বলছে, আজ উপকূল ও পশ্চিমের জেলায় ঝড়, বৃষ্টির হালকা সম্ভাবনা রয়েছে। পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর এবং ঝাড়গ্রামে ঘণ্টায় ৩০ - ৪০ কিলোমিটার বেগে দমকা হাওয়া-সহ বৃষ্টির হতে পারে। শুক্রবার থেকে বৃষ্টির পরিমাণ বাড়বে দক্ষিণবঙ্গে। বৃষ্টি হতে পারে পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম এবং পশ্চিম বর্ধমানে। বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টির সঙ্গে ৩০-৪০ কিলোমিটার বেগে দমকা ঝোড়ো বাতাস বইবে। উপকূল ও পূর্ব দিকের জেলাগুলিতে রবি ও সোমবার বৃষ্টির সম্ভাবনা বেশি। মঙ্গলবার কলকাতা-সহ ও রাজ্যের সব জেলাতেই ঝড়বৃষ্টির আশঙ্কা রয়েছে।মমতা বলেন, "গরমটা বেশি। তাই প্রাথমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়গুলিতে গরমের ছুটি পড়ে যাবে। এছাড়া ১০ এপ্রিল মহাবীর জয়ন্তী। ১৪ এবং ১৫ এপ্রিল পয়লা বৈশাখের জন্য ছুটি। এছাড়া বেশ কয়েকটা রবিবার আছে। ৩০ এপ্রিলের মধ্যে বারো-তেরোদিন ছুটির মধ্যে চলে যাবে। আগে মে মাসে ছুটি পড়ত। এখন গরমটা বেশি। তাই এবার সিদ্ধান্ত নিয়েছি। শিক্ষামন্ত্রীও আমাকে জানিয়েছে ছুটিটা ৩০ এপ্রিল থেকে পড়বে।"







(১ম পাতার পর)

# কাদের বেতন ফেরত দিতে হবে, কারা অংশ নেবেন 'ফ্রেশ সিলেকশনে', জেনে নিন সুপ্রিম রায়

কারচুপির তথ্য তাদের কাছে নেই। রাজ্য সরকারের তরফে জানানো হয়েছে, একসঙ্গে এতজন শিক্ষকের চাকরি বাতিল করা হলে বাংলার শিক্ষাব্যবস্থা ভেঙে পড়তে পারে। সবপক্ষের সওয়াল শোনার পর রায়দান স্থগিত রেখেছিলেন প্রধান বিচারপতি সঞ্জীব খান্না। বৃহস্পতিবার চূড়ান্ত রায় শোনালেন তিনি।সুপ্রিম কোর্টের বিচারপতি সঞ্জীব খান্না এবং বিচারপতি সঞ্জয় কুমারের বেঞ্চ জানিয়েছে, ২০১৬ সালের নিয়োগ প্রক্রিয়ার মাধ্যমে যাঁরা নিযুক্ত তাঁদের মধ্যে 'অযোগ্য' প্রায় সাত হাজার শিক্ষক-অশিক্ষক কর্মীকে বেতন ফেরত দিতে হবে। তবে 'অযোগ্য' হিসাবে যাঁরা চিহ্নিত নন তাঁদের চাকরি চলে গেল ঠিকই। তবে তাঁদের বেতন ফেরৎ দিতে হবে না। বিশেষভাবে সক্ষমদেরও বেতন ফেরৎ দিতে হবে না। আগামী তিন মাস নতুন করে নিয়োগ না পাওয়া পর্যন্ত চাকরি করতে পারবেন বিশেষভাবে সক্ষমরা। তাঁরা বেতনও পাবেন। উল্লেখ্য, দুর্নীতির অভিযোগে ২০২৪ সালের ২২ এপ্রিল, কলকাতা হাই কোর্টের ডিভিশন বেঞ্চের রায়ে বাতিল হয়েছিল ২০১৬-র এসএসসি প্যানেল। মন্ত্রিসভার বিরুদ্ধে সিবিআই তদন্তের নির্দেশও দেওয়া হয়েছিল। কোর্টের কলমের খোঁচায় চাকরি হারিয়েছিলেন ২৫ হাজার ৭৫৩ জন শিক্ষক ও অশিক্ষককর্মী। সেই রায়ের বিরুদ্ধে সুপ্রিম কোর্টে মামলা দায়ের করে রাজ্য সরকার, স্কুল সার্ভিস কমিশন ও মধ্যশিক্ষা পর্ষদ। শীর্ষ আদালতে দফায় দফায় সেই মামলার শুনানি হয়। সুপ্রিম কোর্ট কলকাতা হাই কোর্টের চাকরি বাতিল এবং বেতন ফেরতের রায়ে অন্তর্বর্তী স্থগিতাদেশ দেয়। তারপর থেকে দফায় দফায় শুনানি চলছিল।

(১ম পাতার পর)

# কাদের বেতন ফেরত দিতে হবে, কারা অংশ নেবেন 'ফ্রেশ সিলেকশনে', জেনে নিন সুপ্রিম রায়

চাকরিপ্রার্থীদের' বেতন ফেরত দিতে হবে। এমনটা সুপ্রিম কোর্টের ৪১ পাতার রায়তে উল্লেখ করা আছে। যার মানে হল, র‍্যাঙ্ক জাম্প হয়েছে বা প্যানেলে নাম ছিল না বা ওএমআর শিটে সমস্যা রয়েছে, শুধু এমন চাকরিপ্রাপকদেরই টাকা ফিরিয়ে দিতে হবে। সেই সংখ্যাটা হল ৬ হাজার ২৭৬ জন।দুপুরে তড়িঘড়ি মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় একদফা বৈঠক করে সুপ্রিম কোর্টের রায় উদ্ধৃত করে, এক বার না বরং দু'বার স্পষ্ট করে জানিয়ে দিলেন, " যে সব প্রার্থী ইতিমধ্যেই চাকরিতে নিযুক্ত আছেন, তাঁদের থেকে কোনও টাকা ফেরত চাওয়া হবে না।

এদিন মুখ্যমন্ত্রীর সঙ্গে বৈঠক করেন রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। সঙ্গে ছিলেন রাজ্যের মুখ্যসচিব মনোজ পন্থও উপস্থিত ছিলেন। সেই বৈঠক শেষ করেই সাংবাদিকদের মুখোমুখি হয়ে শীর্ষ আদালতকে সম্মান জানিয়েও মমতা বলেন, চাকরি বাতিলের নির্দেশ তিনি মেনে নিতে পারছেন না। মুখ্যমন্ত্রীর কথায়, "বিচার ব্যবস্থাকে সম্মান করি, তবে এই রায় মেনে নিতে পারছি না।"

একই সঙ্গে আশ্বাস দেন, আদালতের নির্দেশ মোতাবেক আগামী ৩ মাসের মধ্যেই নতুন করে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

বস্তুত, ২০১৬ এসএসসি-র শিক্ষক নিয়োগে দুর্নীতির মামলায় আগেই কলকাতা হাইকোর্ট রায় দিয়েছিল, যোগ্য-অযোগ্য বাছাই না করতে পারার দরুন পুরো প্যানেলটাই বাতিল করা হয়েছে। সেই নির্দেশ বহাল রেখেই এদিন সুপ্রিম কোর্ট রায় দিল।

# খালি বকর-বকর, চোপ'! সংসদেই জোর ধমক অভিজিৎ গাঙ্গুলির



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

দীর্ঘ ১২ ঘন্টা ধরে ম্যারাথন বিতর্কের পর গতকাল মাঝরাতে পাশ হয়েছে ওয়াকফ সংশোধনী বিল ২০২৫ । এরই মাঝে গতকাল এই বিল নিয়ে বিতর্কের সময় বিরোধী সাংসদদের ধমক দেওয়ার অভিযোগ উঠল তমলুকের বিজেপি সাংসদ তথা প্রাক্তন বিচারপতি অভিজিৎ গাঙ্গুলির বিরুদ্ধে। তখনই সম্ভবত বিরোধী পক্ষের তরফ থেকে কেউ কোন কিছু মন্তব্য করেছিলেন। যা শোনা মাত্রই আচমকা মেজাজ হারান বিজেপি সাংসদ। বিরক্ত হয়ে তিনি বলে ওঠেন 'এই চোপ,চোপ! কিচ্ছু জানে না, খালি বকর বকর, চোপ।'লোকসভায় এদিন ওয়াকফ বিল পেশ করা হলে তার তীব্র বিরোধিতা করতে শুরু করেন বিরোধীরা। তাঁদের দাবি এই বিল ওয়াকফ বোর্ডের স্বায়ত্তশাসনের ওপর

এরপর ৪ পাতায়

# রামনবমীতে অশান্তির আশঙ্কা ফিরহাদের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

রামনবমী নিয়ে পশ্চিমবঙ্গে রাজনৈতিক উত্তেজনা এবং আইনশৃঙ্খলা নিয়ে যে বিতর্ক চলছে, তা এক নতুন মাত্রা পেয়েছে। পুরমন্ত্রী ফিরহাদ হাকিম সম্প্রতি বলেছেন, পশ্চিমবঙ্গে বিভিন্ন রাজ্য থেকে আসা মানুষের মধ্যে কিছু মুষ্টিমেয় ব্যক্তির মাধ্যমে অশান্তি সৃষ্টি হতে পারে। তিনি আশঙ্কা প্রকাশ করেছেন, রামনবমীর দিন এই ধরনের পরিস্থিতি তৈরি হতে পারে, তবে তাদের চিহ্নিত করতে পারলে কোনো সমস্যা থাকবে না। ফিরহাদের কথায়, প্রতিবছর রামনবমী উপলক্ষে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ও তিনি নিজে রাত জাগেন, যাতে পরিস্থিতি শান্ত রাখা যায়। এদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এবং বিজেপি নেতা দিলীপ ঘোষ রামনবমী উপলক্ষে চড়া সুরে তৎপরতা চালাচ্ছেন। স্বাভাবিক কারণেই তা নিয়ে উদ্বেগ প্রকাশ করেন ফিরহাদ হাকিম।বিজেপি রামনবমী মিছিল এবং অস্ত্র নিয়ে জনসমাবেশের বিষয়ে হুঁশিয়ারি দিয়েছেন। এর মাধ্যমে বিজেপি হিন্দুত্বের নীতি এবং শক্তি প্রদর্শনের মাধ্যমে পশ্চিমবঙ্গে ভোটের আগে রাজনৈতিক মঞ্চ প্রস্তুত করতে চাইছে বলে মনে হচ্ছে। আরএসএসও তাদের কর্মীদের নির্দেশ দিয়েছে, যাতে শক্তি প্রদর্শন করে বিজেপির এই পরিকল্পনাকে সফল করা যায়। ফিরহাদ হাকিম এই পরিস্থিতি সম্পর্কে বলছেন, "বাংলায় সাম্প্রদায়িক রাজনীতি চলবে না। আমরা রামকৃষ্ণের মত 'যত মত তত পথ' বিশ্বাসী। পশ্চিমবঙ্গে ধর্মীয় রাজনীতি কখনোই জয়ী হবে না।" তিনি আরও বলেন, "অমিত শাহরা বাংলায় পদ্মফুল ফোটানোর আশা করেন, কিন্তু যতদিন ধর্মীয় রাজনীতি করবে, ততদিন তারা বাংলায় সফল হবে না।"

# সম্পাদকীয়

## চাকরিহারাদের কী করতে হবে? জানিয়ে দিলেন বিকাশ, বড় হুঁশিয়ারি সুকান্তর

একধাক্কায় বাতিল প্রায় ২৬,০০০ চাকরি! বৃহস্পতিবার ২০১৬ সালের এসএসসির সম্পূর্ণ প্যানেল বাতিল করেছে সুপ্রিম কোর্ট । প্রধান বিচারপতি সঞ্জীব খান্না ও বিচারপতি সঞ্জয় কুমারের ডিভিশন বেঞ্চের তরফ থেকে এদিন সকাল ১০:৩০ নাগাদ এই রায় দেওয়া হয়েছে।

উল্লেখ্য, গত বছরই দুর্নীতির কারণে ২০১৬ সালের এসএসসির সম্পূর্ণ প্যানেল বাতিল করেছিল কলকাতা হাইকোর্ট। পরবর্তীতে জল গড়ায় সুপ্রিম কোর্ট অবধি। এবার শীর্ষ আদালতের তরফ থেকেও একই রায় দেওয়া হল।এরপরেই ফুঁসে উঠলেন বিজেপির রাজ্য সভাপতি তথা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। 'এর জন্য মমতা বন্দ্যোপাধ্যায় দায়ী', বলেন বালুরঘাটের সাংসদ।

চাকরি বাতিলের রায় নিয়ে এদিন সুকান্ত বলেন, 'আজ মহামান্য সুপ্রিম কোর্ট যে এই সিদ্ধান্ত নিয়েছে, ২৫,৭৫৩ জনের চাকরি চলে গেল, যারা ২০১৬ সাল থেকে চাকরি করছেন, পরিবার রয়েছে। আজ যোগ্য যারা, পরীক্ষা দিয়ে চাকরি পেয়েছিলেন, তাঁদের চাকরি চলে গেল। শুধুমাত্র মমতা বন্দ্যোপাধ্যায়ের দলের লোকেরা অযোগ্য, যারা টাকা দিয়ে চাকরি পেয়েছিল, তাঁদের চাকরি বাঁচাতে মমতা বন্দ্যোপাধ্যায় ২৬,০০০ মানুষের চাকরির বলিদান দিয়ে দিল। এর জন্য মমতা বন্দ্যোপাধ্যায় দায়ী'।

বিজেপির রাজ্য সভাপতি বলেন, আজ প্রায় ২৬,০০০ পরিবার যে রাস্তায় বসল, তার জন্য তৃণমূল, তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ও তাঁর 'চ্যালাচামুন্ডা' দায়ী, যারা লক্ষ লক্ষ টাকা দিয়ে কয়েকজন অযোগ্যকে চাকরি পাইয়ে দিয়েছিলেন।

যোগ্য-অযোগ্যদের পৃথকীকরণ কেন হল না, সেই নিয়েও সুর চড়িয়েছেন সুকান্ত । বালুরঘাটের সাংসদ বলেন, 'আমার প্রশ্ন হচ্ছে, মমতা বন্দ্যোপাধ্যায়ের স্কুল সার্ভিস কমিশন, রাজ্য সরকার কেন যোগ্য-অযোগ্যদের পৃথকীকরণ করে দিল না? আজ মহামান্য আদালতের সামনে যদি রাজ্য সরকার পৃথকীকরণ করে দিত, তাহলে ২৫,৭৫৩ জনের চাকরি যেত না। কেবলমাত্র অযোগ্যদের চাকরি যেত, যোগ্যদের চাকরি থাকতো'।

এখানেই না থেমে বড় হুঁশিয়ারি দেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত। রামনবমী মিটলেই বিজেপি এর বিরুদ্ধে পূর্ণ শক্তি দিয়ে পথে নামবে বলে জানান তিনি। বিজেপি সাংসদের কথায়, 'আজ মমতা বন্দ্যোপাধ্যায় ও তাঁর দলের দুষ্কৃতী, জোচ্চোরদের জন্য এতগুলি পরিবার রাস্তায় বসল। আমরা ছেড়ে দেব না। মমতা বন্দ্যোপাধ্যায়কে চেয়ার থেকে উৎখাত করব'।

২০১৬ সালের এসএসসির সম্পূর্ণ প্যানেল বাতিল নিয়ে মুখ খুলেছেন আইনজীবী তথা বাম নেতা বিকাশরঞ্জন ভট্টাচার্যও। তিনি বলেন, 'দুর্নীতির সঙ্গে থাকলে তো ভবিষ্যৎ নেই। ফ্রেশ সিলেকশন প্রসেসে বসতে হবে, নিজেকে যোগ্য প্রমাণ করতে হবে। এর জন্যই তো আমরা বলি, দুর্নীতিমূলক কোনও প্রক্রিয়ার সঙ্গে আপস করতে নেই। এদের উচিত রাজ্য সরকারের ঘাড় ভাঙা। বলা উচিত, তোমাদের জন্য আজ আমাদের এই দশা। পুরো দেশ জেনে গেল, এত বড় একটা দুর্নীতি হয়েছে। এই মামলার পিছনে কত কোটি টাকা খরচ হয়েছে, সেটাও বিবেচ্য হওয়া উচিত'।

# জঙ্গলের দেবী মা মনসা



মৃত্যুঞ্জয় সরদার
(তেরোতম পর্ব)



দেবীতে রূপান্তরিত হয়েছেন। হিন্দু দেবী হিসেবে তাঁকে নাগ বা সর্পজাতির পিতা কশ্যপ ও মাতা কদ্রুর সন্তান রূপে কল্পনা করা হয়েছে। আমরা কল্পতরু আর কল্পনা যাই বলি না কেন মনের বিশ্বাস এই জন্ম নিয়েছে দেবি কুল, এই দেবী কুল এর একটি অংশ নাগমাতা আজও আমাদের মধ্যে বিরাজমান। প্রাচীন একটি কাব্যগ্রন্থ, মনসা দেবীর ইতিকথা যতটুকু ইতিবৃত্ত করা আছে।সে কথাগুলো আজ এই লেখাতে সমৃদ্ধি না করলে এই লেখাটি অসম্পূর্ণ থেকে যাবে।মঙ্গলকাব্য হল খ্রিষ্টীয় ত্রয়োদশ থেকে অষ্টাদশ শতাব্দীর মধ্যবর্তী সময়ে

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

(৩ পাতার পর)

# খালি বকর-বকর, চোপ'! সংসদেই জোর ধমক অভিজিৎ গাঙ্গুলির

হস্তক্ষেপ করবে এবং মুসলিমদের ধর্মীয় বিষয়ে হস্তক্ষেপ করবে। লোকসভায় বিল নিয়ে গতকাল যখন বিতর্ক চলছিল তখন তৃণমূলের তরফ থেকে ব্যাপক বিরোধিতা শুরু হয়।

নিজের বক্তব্যের শুরুতে গতকাল অভিজিৎ গাঙ্গুলি বলেছিলেন, যখন বিলটি পেশ করা হয়েছিল তখন সারা পশ্চিমবঙ্গ সহ দেশে কিছু 'ঘৃণ্য প্রচার' হয়েছিল। এরপর বিরোধীদের উদ্দেশ্যে তিনি প্রশ্ন করেন, 'বিরোধীরা কি এমন একটি বিধানের কথা বলতে পারবেন যেখানে বলা হয়েছে যে বিলটি মুসলিমদের সম্পত্তি কেড়ে নেবে?'

লোকসভায় বুধবার ওয়াকফ বিল পেশ করেছিলেন কেন্দ্রীয় সংসদীয় বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু। যৌথ সংসদীয় কমিটির পরামর্শের উপর ভিত্তি করে এই সংসদীয় বিল পেশ করা হয়। যৌথ সংসদীয় কমিটি এই বিলে মোট ১৪টি সংশোধনের অনুমোদন করেছিল। ধ্বনি ভোটের মাধ্যমে প্রায় ৪০টি সংশোধনী নিয়ে ভোটাভুটি হয়। দীর্ঘ ১২ ঘণ্টার বেশি সময় ধরে বিতর্কের পর অবশেষে রাত দু'টোয় ধ্বনি ভোটে পাশ হয় এই ওয়াকফ সংশোধনী বিল। ভোটাভুটি শেষে জানা যায়, বিলের পক্ষে মোট ২৮৮ টি ভোট আর বিপক্ষে মোট ২৩২টি ভোট পড়েছে।

## ন্যায় কর্মফলদাতা শনিদেব



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

কিন্তু বাস্তবে তা নয়, স্বভাবে শনিদেব গম্ভীর, কঠোর তপস্বী, কূটনীতিজ্ঞ, অত্যন্ত নিষ্ঠা ও ন্যায়প্রিয়, দয়ালু, কৃপালু ও অতি শীঘ্র প্রসন্ন হওয়া দেবতা। পূর্বজন্ম কিংবা বর্তমান জন্মের কর্মানুসারে তিনি ভালো বা মন্দ ফল প্রদান করে থাকেন।

**ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# চাকরিহারা দৃষ্টিহীন শিক্ষক, সোমার মতো তাঁরও চাকরি থাক, চাইছেন সহ-শিক্ষকরা

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

**কল্যাণী:** প্রায় দৃষ্টিশক্তি নেই। প্রথম শিক্ষকতার স্কুল ছিল বাড়ি থেকে অনেক দূরে। বাড়িতে অসুস্থ মা'র সঙ্গে থাকার জন্য ২০১৬ সালে এসএলএসটির পরীক্ষা দিয়ে ফের চাকরি পান। কিছুদিন দূরে চাকরির পর, ২০২১ সালে বাড়ির কাছে শিমুরালি উপেন্দ্র বিদ্যাভবন হাইস্কুলে রাষ্ট্রবিজ্ঞানের শিক্ষক হিসেবে যোগ দিয়েছিলেন মৃণালকান্তি সাহা।এদিকে বছরের মাঝে স্কুলের তিন শিক্ষকের চাকরি চলে যাওয়ায় স্কুলের কাজকর্মে সমস্যা হবে বলে মেনে নিয়েছেন প্রধান শিক্ষক সন্দীপ ঘোষ। তাঁর কথায়, "বিদ্যালয়ের পঠন-পাঠনের ক্যালেন্ডার তৈরি হয়ে গিয়েছে। আগামীকাল থেকে ইউনিট টেস্ট শুরু হচ্ছে। এই সময় বিদ্যালয়ের তিনজন শিক্ষককে চাকরি থেকে সরিয়ে দেওয়া হল। তারা যদি অনুপস্থিত হয়ে পড়লে এই সময় বিদ্যালয়ের পঠন-পাঠনের অনেক বড় ক্ষতি হবে।" তবে মহামান্য সুপ্রিম কোর্টের নির্দেশ মানার সঙ্গে সঙ্গে



ঊর্ধ্বতন কর্তৃপক্ষ, স্কুল শিক্ষাদপ্তরের নির্দেশের অপেক্ষায় রয়েছেন তাঁরা।বৃহস্পতিবার সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি সঞ্জীব খান্নার ডিভিশন বেঞ্চের ২৬ হাজার চাকরি বাতিলের রায়ের পর চাকরিহারা তিনিও। তবে, ক্যানসার আক্রান্ত সোমা দাসের চাকরি থেকে যাওয়া পর মৃণালবাবুর চাকরি বাতিলের বিষয়টি বিবেচনা করা হোক। চাইছেন তাঁর স্কুলের প্রধান শিক্ষক, সহকারী শিক্ষকরা। মৃণালকান্তিবাবুর দু'টি চোখের দৃষ্টিশক্তি একেবারেই নেই বললেই চলে। স্বভাবতই ভেঙে পড়েছেন তিনি। সহকর্মীর জীবনে এই বিপর্যয়ের পর মন খারাপ প্রধান শিক্ষক সন্দীপ ঘোষ ও সহ-শিক্ষকদের। প্রধান শিক্ষক বলেন, "খুব খারাপ খবর। মৃণালবাবু দৃষ্টিহীন। তিনি খুব ভালো শিক্ষক। ক্যানসার আক্রান্ত সোমা দাসের চাকরি আছে। সুপ্রিম কোর্ট বিশেষ ভাবে তাঁর ব্যাপারটা দেখেছে। মৃণালবাবুর ক্ষেত্রেও যদি বিশেষ নজর দেওয়া হয় তাহলে ভালো হবে। আমি জানি না, এই বিষয়ে তিনি সুপ্রিম কোর্টে দৃষ্টি আর্কষণ করেছিলেন কি না, তবে তাঁর চাকরি এই স্কুলেই থেকে গেলে খুব খুশি হব।" এই স্কুলে ২০১৬ সালে এসএলএসটিতে নিয়োগ পাওয়া মোট ৩ শিক্ষক চাকরি হারিয়েছেন। এই রায় ঘোষণার পর মৃণালবাবু জানাচ্ছেন, "আমরা প্রধান বিচারপতির দৃষ্টি আকর্ষণ করেছিলাম। এই রায়ের পুরো অংশ আমার জানা নেই। আইনজীবীর সঙ্গে কথা বলে বিষয়টি বলতে পারব। এই স্কুলে আসার আগে ২০০৭ সালে উত্তর ২৪ পরগনার চকপাটুলী হাই স্কুলে শিক্ষকতা করেছি। বাড়ি থেকে দূরে হওয়ায় ২০১৬ সালে পরীক্ষা দিয়ে এখানে ট্রান্সফার হয়ে আসি।"

# পঙ্কজ দত্তের স্ত্রীর মামলায় বিরাট নির্দেশ কলকাতা হাইকোর্টের



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

গত ডিসেম্বরে প্রয়াত হয়েছেন রাজ্যের প্রাক্তন আইজি পঙ্কজ দত্ত। প্রাক্তন পুলিশকর্তার মৃত্যুর পরও থেমেনি বিতর্ক। এরই মধ্যে এবার পঙ্কজ দত্তের স্ত্রী ইন্দ্রানীর দায়ের করা মামলায় বড় নির্দেশ কলকাতা হাইকোর্টের। উচ্চ আদালতের নির্দেশ, ৬ অক্টোবর থেকে ১০ অক্টোবর পর্যন্ত বটতলা থানার ভিতরের এবং বাইরের সিসিটিভি ফুটেজ সংরক্ষণ করতে হবে রাজ্যকে।বিচারপতি তীর্থঙ্কর ঘোষের এজলাসে মামলার শুনানিতে সরকারি আইনজীবীর সওয়াল, 'পঙ্কজ দত্ত একজন নীতিহীন ব্যক্তি ছিলেন। তাঁকে আইপিএস বলতে লজ্জা হয়। যদিও তিনি সরাসরি আইপিএস হননি, পদন্নতি পেয়ে আইপিএস হয়েছেন।'গত বছর আরজি কাণ্ডের প্রতিবাদে বক্তব্য রাখতে গিয়ে 'সোনাগাছি' নিয়ে 'বেফাঁস' মন্তব্য করে বসেছিলেন প্রাক্তন পুলিশকর্তা। যা নিয়ে প্রচুর অস্বস্তিতে পড়তে হয় বর্ষিয়ান এই প্রাক্তন আইপিএস-কে। বড়তলা থানায় মামলা দায়ের হয়।পঙ্কজবাবুকে নোটিস পাঠায় কলকাতা পুলিশ। থানাতেও হাজিরা দিতে হয় তাঁকে। রেকর্ড করা হয়েছিল জবানবন্দি।

৬ অক্টোবর পুলিশ পঙ্কজবাবুকে ডেকে পাঠিয়ে হেনস্থা করেছে বলে অভিযোগ ওঠে। এর কিছুদিনের মধ্যেই বারাণসীতে গিয়ে অসুস্থ হয়ে পড়েন তিনি। ৬ অক্টোবরের সিসিটিভি ফুটেজ সংরক্ষণের দাবিতে আদালতের দ্বারস্থ হন পঙ্কজ দত্তের স্ত্রী ইন্দ্রানী। বুধবার সেই সংক্রান্ত মামলা ওঠে কলকাতা হাইকোর্টে। সেই মামলাতেই সিসিটিভি ফুটেজ সংরক্ষণের নির্দেশ বিচারপতির।

বিচারপতি তীর্থঙ্কর ঘোষের এজলাসে মামলার শুনানিতে সরকারি আইনজীবীর সওয়াল, 'পঙ্কজ দত্ত একজন নীতিহীন ব্যক্তি ছিলেন। তাঁকে আইপিএস বলতে লজ্জা হয়। যদিও তিনি সরাসরি আইপিএস হননি, পদন্নতি পেয়ে আইপিএস হয়েছেন।'

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Bandhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফামেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি | 10 জীবন জ্যোতি ফামেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফামেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফামেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফামেসী | 17 ইউনিক ফামেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফামেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফামেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফামেসী | 28 সৌভিক ফামেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফামেসী |



# ২ দিনের থাইল্যান্ড সফরে প্রধানমন্ত্রী মোদী

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বিমসটেক শীর্ষ সম্মেলনে যোগ দিতে ব্যাঙ্কক পৌঁছলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। দুই দিনের থাইল্যান্ড সফরে গিয়েছেন প্রধানমন্ত্রী মোদী। তিনি থাইল্যান্ডের প্রধানমন্ত্রী পি সিনেওয়াত্রার সঙ্গে বৈঠক করবেন। এই বৈঠকের পাশাপাশিই আরও এক গুরুত্বপূর্ণ বৈঠক হতে পারে। প্রধানমন্ত্রী মোদীর মুখোমুখি হতে পারেন বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান মহম্মদ ইউনূস।প্রধানমন্ত্রী মোদীর এই সফর বিমসটেকের সদস্য দেশগুলির মধ্যে বাণিজ্যিক সম্পর্ক আরও মজবুত করবে বলে আশাবাদী কেন্দ্র। বিমসটেক হল "বে অব বেঙ্গল ইনিশিয়েটিভ ফর মাল্টি-



সেক্টরাল টেকনিক্যাল অ্যান্ড ইকোনমিক কোঅপারেশন'। এই আন্তর্জাতিক সংস্থাটি দক্ষিণ এশিয়া এবং দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলিকে সংযুক্ত করে। এই সংস্থায় বঙ্গোপসাগর সংলগ্ন সাতটি দেশ অন্তর্ভুক্ত রয়েছে, যার মধ্যে রয়েছে বাংলাদেশ, ভুটান, ভারত, নেপাল, শ্রীলঙ্কা, মায়ানমার এবং থাইল্যান্ড।

দুইদিনের থাইল্যান্ড সফরে গিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সেখানে বিমসটেক সম্মেলনে তিনি যোগ দেবেন। আর প্রধানমন্ত্রী মোদীর সফরের কথা জানতে পেরেই ফের একবার বৈঠক করার আর্জি। বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান মহম্মদ ইউনূস এর আগেও ভারত সফরে আসতে এবং প্রধানমন্ত্রী মোদীর সঙ্গে বৈঠক করতে চেয়েছিলেন। কিন্তু ভারতের কাছ থেকে সাড়া না পেয়েই চিন সফরে যান ইউনূস। এবার বিমসটেক সম্মেলনে প্রধানমন্ত্রীর আসার কথা জানতে পেরেই ফের একবার বৈঠকের আর্জি বাংলাদেশের। যদিও ভারত সরকারের তরফে এই বৈঠক সম্পর্কে কোনও বিবৃতি মেলেনি। তবে সূত্রের খবর, দুই নেতার মধ্যে বৈঠকের প্রস্তুতি চলছে।

প্রসঙ্গত, এটা প্রধানমন্ত্রী মোদীর তৃতীয় থাইল্যান্ড সফর। থাইল্যান্ড সফরের পর শ্রীলঙ্কা সফরেও যাবেন প্রধানমন্ত্রী মোদী। সোশ্যাল মিডিয়ায় তিনি নিজেই এ কথা ভাগ করে নিয়েছেন।

## সুলভে এলপিজি সুনিশ্চিত করতে সরকারের পদক্ষেপ

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

২০১৬-র মে মাসে প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনা (পিএমইউওয়াই)-র সূচনা হয়েছিল সারা দেশের গরীব পরিবারের বয়স্কা মহিলাদের জমাবিহীন এলপিজি সংযোগ দিতে। এই কর্মসূচিতে ৮ কোটি সংযোগ দেওয়ার লক্ষ্য পূরণ হয় ২০১৯-এর সেপ্টেম্বরে। বাকি দরিদ্র পরিবারকে এই সুবিধা দিতে ২০২১-এর অগাস্টে শুরু হয় উজ্জ্বলা ২.০। এর লক্ষ্য ছিল, ১ কোটি অতিরিক্ত পিএমইউওয়াই সংযোগ দেওয়া। এই লক্ষ্য পূরণ হয় ২০২২-এর জানুয়ারিতে। এর পরেই সরকার উজ্জ্বলা ২.০-এ আরও ৬০ লক্ষ এলপিজি সংযোগ দেওয়ার সিদ্ধান্ত নেয় এবং ১.৬০ কোটি উজ্জ্বলা ২.০ সংযোগ দেওয়ার লক্ষ্য পূরণ হয় ২০২২-এর ডিসেম্বরেই। এছাড়া সরকার ২০২৩-২৪ থেকে ২০২৫-২৬ অর্থবর্ষ পর্যন্ত পিএমইউওয়াই কর্মসূচিতে অতিরিক্ত ৭৫ লক্ষ সংযোগ দেওয়ার প্রস্তাব অনুমোদন করে যা ইতিমধ্যেই পূরণ হয়েছে ২০২৪-এর জুলাইয়ে।

০১.০৩.২০২৫ পর্যন্ত ভারতে এলপিজি গ্রাহকের মোট সংখ্যা ৩২.৯৪ কোটি। এর মধ্যে প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনা (পিএমইউওয়াই)-তে সুবিধাপ্রাপকের সংখ্যা ১০.৩৩ কোটি।

লোকসভায় আজ লিখিত জবাবে এই তথ্য জানিয়েছেন পেট্রোলিয়াম এবং প্রাকৃতিক গ্যাস প্রতিমন্ত্রী শ্রী সুরেশ গোপী।

## সেনা কম্যান্ডারদের সম্মেলনে ভাষণ দিলেন প্রতিরক্ষা মন্ত্রী



**নয়াদিল্লি, ৩ এপ্রিল, ২০২৫**

দিল্লিতে ১-৪ এপ্রিল, ২০২৫ সেনা কম্যান্ডারদের দ্বিবার্ষিক সম্মেলনে ভাষণ দিলেন প্রতিরক্ষা মন্ত্রী শ্রী রাজনাথ সিং। এই আলোচনা কর্মসূচিতে দেশের প্রতিরক্ষা ও সুরক্ষা সংক্রান্ত যাবতীয় বিষয় নিয়ে মতবিনিময় করছেন শীর্ষ সেনা আধিকারিকরা। সংস্কার কর্মসূচি সংক্রান্ত একটি সংক্ষিপ্ত প্রতিবেদন পেশ করা হয় সেখানে।

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং তাঁর ভাষণে বলেন, সেনাবাহিনী বিপুল সংখ্যক ভারতবাসীর আশা-ভরসার স্থল। সীমান্ত সুরক্ষা এবং সন্ত্রাসবাদের মোকাবিলায় বাহিনীর ভূমিকার কথা উল্লেখ করেন তিনি। অন্য নানা ক্ষেত্রেও ভারতীয় সেনা গুরুত্বপূর্ণ কাজ করে চলেছে বলে তিনি উল্লেখ করেন। প্রতিরক্ষা এবং সুরক্ষার বিষয়টিকে প্রাধান্য দিয়ে সেনা নেতৃত্ব যেভাবে এগিয়ে চলেছেন, তার ভূয়সী প্রশংসা করেন শ্রী রাজনাথ সিং। সারা বিশ্বে বর্তমান অস্থিরতার প্রেক্ষিতে নতুন ধরনের যুদ্ধ প্রকৌশলের প্রয়োজনীয়তা তুলে ধরেন তিনি। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি চ্যালেঞ্জ মোকাবিলায় একটি গতিশীল পরিকল্পনা কর্মসূচির কথাও তিনি উল্লেখ করেন।

উত্তর সীমান্তে বর্তমানে উদ্ভূত পরিস্থিতির মোকাবিলায় সেনাবাহিনীর দক্ষতায় সারা দেশ আস্থাবান বলেও তিনি উল্লেখ করেন। সীমান্ত সড়ক সংস্থা সহ নানান প্রতিষ্ঠান পশ্চিম এবং উত্তর সীমান্তে পরিকাঠামোগত উন্নয়নে যেভাবে কাজ করে চলেছে, তা এক উদাহরণ বলে প্রতিরক্ষা মন্ত্রী মনে করেন। জম্মু ও কাশ্মীর কেন্দ্রশাসিত অঞ্চলে আধা-সামরিক বাহিনীর কর্মকাণ্ড ও সাফল্যে তিনি সন্তোষ প্রকাশ করেন।

বিভিন্ন দেশের সেনার সঙ্গে অংশীদারিত্বের ভিত্তিতে সেনাবাহিনী যেভাবে উন্নয়নের দিশায় এগিয়ে চলেছে, তাও প্রশংসাযোগ্য বলে প্রতিরক্ষা মন্ত্রীর অভিমত। পাশাপাশি, আত্মনির্ভরতা এবং বিকশিত ভারত গড়ার লক্ষ্যে আরও উদ্যোগী হওয়ার পরামর্শ দেন তিনি।

# সিনেমার খবর

## কটাক্ষের শিকার শ্রাবন্তী

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন



সম্প্রতি বাংলা ফিল্মফেয়ার অ্যাওয়ার্ড অনুষ্ঠানে হাজির হয়েছিলেন টলিউডের সব তারকা। গ্ল্যামারাস লুকে এদিন রেড কার্পেটে ধরা দেন শ্রাবন্তী চ্যাটার্জিও। কিন্তু সেখানে তার দেওয়া ছোট্ট সাক্ষাৎকার এখন ভাইরাল।

ভাইরাল ভিডিওতে দেখা যাচ্ছে, সেখানে সাংবাদিক শ্রাবন্তীকে ইংরেজিতে বলছেন, 'ফিল্মফেয়ার অ্যাওয়ার্ডস বাংলায় স্বাগত আপনাকে। আপনাকে খুব মিষ্টি লাগছে। কোন মুহূর্তের জন্য আপনি মুখিয়ে রয়েছেন?' এই প্রশ্নের জবাবে অভিনেত্রী বলেন, 'মাই ফ্রেন্ডস আর পারফর্মিং সুপার এক্সাইটেড।' অর্থাৎ আমার বন্ধুরা আজ পারফর্ম করবে, তাই আমি দারুণ উচ্ছ্বসিত।

এরপর যখন তার থেকে জানতে চাওয়া হয় যে তিনি কোনো নির্দিষ্ট একটা পারফরমেন্সের জন্য অপেক্ষা করছেন কী? তখন জানিয়ে দেন তিনি শুভশ্রীর পারফরমেন্সের জন্য মুখিয়ে আছেন।

এরপরই শ্রাবন্তীকে জিজ্ঞেস করা হয়, কোনো একজন নির্দিষ্ট অভিনেতা বা অভিনেত্রীকে যদি সমর্থন করতে হয় তাহলে সেটা কে হবেন? জবাবে তিনি বলেন, 'সবাই আমার খুব ভালো বন্ধু। তো আমি চাই ওরা সবাই যেন ওই ব্ল্যাক লেডিকে নিয়ে যেতে পারে। দেখা যাক।'

বর্তমানে সেই ভিডিও দেখে মশকরা করছেন নেটিজেনরা। এক ব্যক্তি লেখেন, 'বাংলায় জিজ্ঞেস করলেই তো হতো, এত ভয় পেত না।' আরেকজন লেখেন, 'বাংলায় বলার সময় ইংলিশে বলার মতো স্টাইল মেরে বলে আর ইংলিশে বলার সময় এলে বাংলায় বিড়বিড় করে।'

যদিও অনেকে আবার শ্রাবন্তীকে সমর্থন করেছেন। একজন লেখেন, ইংরেজিকে কবে থেকে আমরা কেবল একটি বিদেশি ভাষা হিসেবে ধরব, কোনও বোদ্ধা হওয়ার স্ট্যান্ডার্ড নয়। দ্বিতীয় ব্যক্তি লেখেন, ইংরেজি না জানা বা তাতে দুর্বল হওয়া কোনও অপরাধ নয়। তৃতীয় জন লেখেন, ভুলটা কী বলল? সেটাই তো খুঁজে পাচ্ছি না।

## টিকে থাকতে হলে কী দরকার জানালেন তামান্না


স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

'পরিবারিক ঐতিহ্যের ওপর ভর করে সফল হওয়া যায় না। তার মানে এও নয় যে, বহিরাগতরাই সবসময় সফল হন। প্রতিভার সঠিক ব্যবহার আর প্ররিশ্রমের মধ্যে দিয়েই সময়কে জয় করে হয়। টিকে থাকতে গেলে নিজস্ব প্রতিভা থাকা দরকার। আজ যদি আমাকে সফল অভিনেত্রী বলা হয়, তাহলে নিশ্চিত থাকুন, সেটি হয়েছে পরিশ্রমী বলেই।' অভিনয় জগতের সাফল্য পাওয়া নিয়ে সম্প্রতি এমন সোজাসাপ্টা কথাই শুনিয়েছেন অভিনেত্রী তামান্না ভাটিয়া।



যিনি এরই মধ্যে দক্ষিণী সিনেমার পাশাপাশি জয় করেছেন বলিউডে সিনেমা দর্শকের হৃদয়। তামান্নার কথায়, শিল্পীরা হয় 'স্বজনপোষণজাত' বা 'নেপো কিড' কিংবা 'বহিরাগত'। অর্থাৎ তারা পারিবারিক ঐতিহ্য নিয়ে অভিনয়ে আসেননি। ১৫ বছর অভিনয়ের সঙ্গে যুক্ত থাকার পর বলিউডের এই মেরূকরণের বিষয়টি স্পষ্ট হয়েছে তাঁর কাছে। তাই নিজে 'নেপো কিড' কিংবা 'বহিরাগত' না হওয়ায় একটা সময় দুশ্চিন্তায় ছিলেন। বারবার ভেবেছেন, নিজেকে তা হলে কোন দলে ফেলা যায়? শেষমেশ কাজের অভিজ্ঞতায় বুঝে গেছে, টিকে থাকতে গেলে নিজস্ব প্রতিভা থাকা দরকার। এই গুণ না থাকলে নিজেকে প্রমাণ করা যায় না। তিনি ১৩ বছর বয়স থেকে অভিনয় দুনিয়ার সঙ্গে যুক্ত। একটু একটু করে শেখা আর আত্মবিশ্বাস ধরে রেখে নিজেকে প্রমাণ করার মধ্য দিয়েই এতদূর আসতে পেরেছেন।

## আলিয়া নন, রণবীরের প্রথম স্ত্রী অন্য নারী!



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

এক সময় বলিউডে 'ক্যাসানোভা' তকমা পেয়েছিলেন রণবীর কাপূর। একাধিক প্রথম সারির অভিনেত্রীর সঙ্গে সম্পর্কে জড়িয়েছিলেন। অভিনয়ের পাশাপাশি বার বার প্রেমের সম্পর্কের কারণে শিরোনামে এসেছেন তিনি। যদিও ২০২২ সালে অভিনেত্রী আলিয়া ভাটের সঙ্গে বিয়ে সারেন রণবীর। তার মাস কয়েকের মধ্যে তাঁদের জীবনে আসে কন্যা রাহা। এখন স্ত্রী ও কন্যাকে নিয়ে ঘোরতর সংসারী রণবীর। যদিও আলিয়াই কিন্তু রণবীরের প্রথম স্ত্রী নন। আলিয়ার আগে আর এক নারীর সঙ্গে বিয়ে হয় তাঁর! মন্ত্রপাঠ করে পুরোহিতের সামনে অগ্নিসাক্ষী রেখেই হয় বিয়ে। প্রথম স্ত্রীর কথা স্বীকার করে নিলেন ঋষি-পুত্র।

ঘটনাটা বেশ কয়েক বছর আগের। তখন সদ্য বলিউডে পা রেখেছেন। প্রথম থেকেই রণবীরের মহিলা অনুরাগীর সংখ্যা ছিল অন্য তারকাদের কাছে ঈর্ষণীয়। এক মহিলা অনুরাগী তাঁর বাড়ির সামনে যান। বাড়ির সদর দরজার বাইরে রীতিমতো যজ্ঞ করে পুরোহিত নিয়ে এসে রণবীরের ছবি হাতে নিয়ে অগ্নিসাক্ষী রেখে বিয়ে করেন। সম্প্রতি এক সাক্ষাৎকারে রণবীর নিজেই জানান, তিনি তাঁর প্রথম স্ত্রীকে দেখেননি এখনও।

রণবীরের কথায়, "যে সময় মেয়েটি আমার বাড়ির সামনে এসে এই গোটা কর্মকাণ্ড ঘটান, আমি তখন বাইরে ছিলাম শুটিংয়ের কাজে। আমি দারোয়ানের কাছে সবটা জানতে পারি। বিয়ের পর্ব মিটিয়ে মেয়েটি নাকি দরজায় তিলক দিয়ে এবং একগোছা ফুল রেখে যান। যদিও আমার প্রথম স্ত্রীকে চোখে দেখিনি।"

# দুর্নীতির অভিযোগ থেকে খালাস ব্লাটার ও প্লাতিনি

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**



দুর্নীতির মামলায় শেষ পর্যন্ত নির্দোষ প্রমাণিত হলেন ফিফার সাবেক প্রেসিডেন্ট সেপ ব্লাটার ও উয়েফার সাবেক সভাপতি মিশেল প্লাতিনি।

মঙ্গলবার (২৫ মার্চ) সুইজারল্যান্ডের একটি আদালত তাদের বিরুদ্ধে নতুন শাস্তির আপিল খারিজ করে দুর্নীতি, জালিয়াতি ও ঘুস কেলেঙ্কারির অভিযোগ থেকে ব্লাটার ও প্লাতিনিকে অব্যাহতি দিয়েছেন। ২০১১ সালে একটি কাজের পারিশ্রমিক হিসেবে ফিফার কাছ থেকে ১৮ লাখ ইউরো পেয়েছিলেন প্লাতিনি।

২০১৫ সালে এই লেনদেনকে 'ঘুস' সন্দেহে মামলা হয়, যার জের ধরে ফিফা সভাপতির পদ ছাড়তে বাধ্য হন ব্লাটার। ফরাসি ফুটবল গ্রেট প্লাতিনিকে ছাড়তে হয় উয়েফা। তার ফিফা সভাপতি হওয়ার স্বপ্নও গুঁড়িয়ে যায়। দুর্নীতির অভিযোগে দু'জনই দীর্ঘমেয়াদে নিষিদ্ধ হন ফুটবলে।

নিষেধাজ্ঞা শেষে ২০২২ সালে দুর্নীতির মামলায় আদালতে তাদের খালাস দেওয়া হয়। সুইস প্রসিকিউটররা আদালতের সিদ্ধান্ত প্রত্যাখ্যান করে আপিল করায় নতুন করে শুনানি শুরু হয়।

প্রসিকিউটররা দু'জনের বিরুদ্ধেই ২০ মাসের স্থগিত কারাদণ্ডের আবেদন করেছিলেন। কিন্তু দীর্ঘ শুনানি শেষে সুইসক্রিমিনাল কোর্টের এক্সট্রাঅর্ডিনারি আপিল চেম্বার সব অভিযোগ থেকে খালাস দেন ৮৯ বছর বয়সি ব্লাটার ও ৬৯ বছর বয়সি প্লাতিনিকে।

মামলা নিষ্পত্তি হওয়ায় স্বস্তির নিঃশ্বাস ফেলার কথা বলেছেন প্লাতিনি। তিনি জানান, ১০ বছর ধরে ফিফা এবং কিছু সুইস ফেডারেল প্রসিকিউটরের নিপীড়ন এখন শেষ হয়েছে। আমার সম্মান আজ ফিরে এসেছে এবং আমি খুব খুশি।

প্লাতিনির যে অর্থ বাজেয়াপ্ত করেছিল সুইস কর্তৃপক্ষ, তা এখন ফিরিয়ে দেওয়া হবে।

রায় ঘোষণার পর মেয়েকে আলিঙ্গন করেন মলিন চেহারার ব্লাটার। পরে সাংবাদিকদের বলেন হাঁফ ছেড়ে বাঁচার কথা। তিনি জানান, 'এটা আমার জন্য বড় স্বস্তি। কারণ দশ বছর ধরে এটা চলছে...এখন এটা শেষ হয়েছে এবং আমি শ্বাস নিতে পারছি।'

সুইস অ্যাটর্নি জেনারেলের কার্যালয় জানিয়েছে, তারা লিখিত রায়টি পর্যালোচনা করে দেখবে এবং পরে সিদ্ধান্ত নেবে দেশটির সর্বোচ্চ আইনি কর্তৃপক্ষ সুইস ফেডারেল কোর্টে আবার আপিল করবে কিনা।

# জাপানের পর এশিয়া থেকে বিশ্বকাপের মূল মঞ্চে ইরান



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

এশিয়ান অঞ্চল থেকে সবার আগে আমেরিকা-কানাডা-মেক্সিকো বিশ্বকাপে খেলা নিশ্চিত করেছিল জাপান। পরে তাদের সঙ্গী হয় নিউজিল্যান্ড। এবার তৃতীয় দল হিসেবে বিশ্বকাপ নিশ্চিত করলো ইরান।

মঙ্গলবার তেহরানে উজবেকিস্তানের মুখোমুখি হয়েছিলো ইরান। বিশ্বকাপে প্রথমবারের মতো খেলার সামনে দাঁড়িয়ে মধ্য এশিয়ার দেশ উজবেকিস্তান। ইরানকে হারাতে পারলে একই সঙ্গে দু'দলই বিশ্বকাপ নিশ্চিত করে ফেলতো। তবে দুইবার পিছিয়ে পড়েও মেহেদী তারেমির জোড়া গোলে হার এড়াল ইরান। তারেমির জোড়া গোলে ইরানের সঙ্গে ২-২ গোলে ড্র করতে বাধ্য হয় উজবেকরা।

৮ ম্যাচে ছয় জয় ও দুই ড্রয়ে ২০ পয়েন্ট নিয়ে 'এ' গ্রুপের শীর্ষে ইরান। তাদের সঙ্গে ড্র করা উজবেকিস্তান ১৭ পয়েন্ট নিয়ে আছে দুই নম্বরে। সরাসরি বিশ্বকাপে খেলার পথে ভালোভাবেই আছে দলটি।

এই এক ড্র'য়ের ফলে উজবেকদের ভাগ্য ঝুলে গেলেও ইরানের ভাগ্য খুলে গেছে। সপ্তমবারের মত বিশ্বকাপে খেলার সুযোগ পেয়ে গেলো তারা। তবে উজবেকিস্তানের এখনও সুযোগ আছে। আরও দুই রাউন্ড ম্যাচ বাকি। দুই ম্যাচে ড্র কিংবা একটি জয় তাদের প্রথমবারের মতো বিশ্বকাপে খেলা নিশ্চিত করে দিবে।

২০২৬ যুক্তরাষ্ট্র, কানাডা, মেক্সিকো বিশ্বকাপে খেলবে ৪৮টি দল। এশিয়ান অঞ্চলের বাছাই পর্বে এখনও চলছে তৃতীয় রাউন্ড। যেখানে তিন গ্রুপে ভাগ হয়ে লড়াই করছে ১৮টি দল। প্রতি গ্রুপ থেকে সেরা দুই দল করে মোট ৬ দল সরাসরি বিশ্বকাপে খেলবে। গ্রুপের তৃতীয় এবং চতুর্থ দল নিয়ে হবে চতুর্থ রাউন্ড। সেখান থেকে আরও দুটি দলের বিশ্বকাপে খেলার সুযোগ পাবে।

চতুর্থ রাউন্ডের দুই গ্রুপের রানারআপ দুই দলকে নিয়ে হবে প্লে-অফ। যারা জিতবে তারা খেলবে ইন্টার কন্টিনেন্টাল প্লে-অফে। সে ক্ষেত্রে হয়তো এশিয়া থেকে আরও একটি দলের বিশ্বকাপে খেলার সুযোগ তৈরি হতে পারে, আবার নাও হতে পারে।

# আর্জেন্টিনার ২০২৬ বিশ্বকাপে খেলা নিশ্চিত

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**



ব্রাজিলের বিপক্ষে ম্যাচের আগেই সমীকরণ জানিয়ে দেওয়া হয়েছিল। ব্রাজিলের বিপক্ষে এক পয়েন্ট পেলেই ২০২৬ সালে যুক্তরাষ্ট্র, মেক্সিকো ও কানাডায় অনুষ্ঠেয় বিশ্বকাপের টিকিট পাবে আর্জেন্টিনা।

তবে সেলেসাওদের বিপক্ষে মাঠে নামার আগেই ২০২৬ বিশ্বকাপের টিকিট হাতে পেয়ে যায় আর্জেন্টিনা। অন্য সমীকরণ অনুযায়ী, উরুগুয়ের বিপক্ষে বলিভিয়া জিততে না পারলে পয়েন্টের হিসেবে আলবিসেলেস্তেদের বিশ্বকাপে খেলা নিশ্চিত হয়ে যাবে।

বলিভিয়া বুধবারের ম্যাচে উরুগুয়ের বিপক্ষে গোল শূন্য সমতা করেছে। এতেই ব্রাজিলের বিপক্ষে মাঠে নামার আগেই নিশ্চিত হয়ে যায় আর্জেন্টিনার বিশ্বকাপে খেলার বিষয়টি। এ নিয়ে তৃতীয় দল হিসেবে বিশ্বকাপের টিকিট পেল লিওনেল স্কালোনির দল। এর আগে জাপান ও নিউজিল্যান্ড বিশ্বকাপ খেলা নিশ্চিত করেছে।

বিশ্বকাপের টিকিট হাতে নিয়ে নির্ভার থেকে মাঠে নেমে আর্জেন্টিনা ঘরের মাঠে ব্রাজিলকে ৪-১ ব্যবধানে বিধ্বস্ত করেছে। ম্যাচে ব্রাজিল টিকতেই পারেনি আলবিসেলেস্তেদের বিপক্ষে।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুণ্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR